25

দৈনিক সংবাদ

তারিখ 18 DEC 1997

পৃষ্ঠা: ১ কলাম ১

# শিক্ষা প্রতিষ্ঠানের নাম কখনই পরিবর্তন করা যাবে না

।। রাশেদ আহমেদ ।।

কোন ব্যক্তির নামে প্রতিষ্ঠিত কোন শিক্ষা প্রতিষ্ঠান একবার সরকারি স্বীকৃতি পেলে পরবর্তীতে তা যে নামেই চালু থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানটি ভবিষ্যতে পরিবর্তন, পরিবর্ধন হলেও পূর্বের প্রতিষ্ঠিত নামই বহাল থাকবে। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নির্দেশ জারি করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বেসরকারি উদ্যোগে ব্যক্তি নামে প্রতিষ্ঠিত স্কুল, কলেজ ও মাদ্রাসার নাম নিয়ে নানা জটিলতার সৃষ্টি হওয়ায় মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে।

মন্ত্রণালয়ের পর্যবেক্ষণে দেখা গেছে,

নাম ঃ পৃঃ ১১ কঃ ৬

## নাম ঃ পরিবর্তন করা যাবে না

(১ম পৃষ্ঠার পর)

কোন ব্যক্তির নামে একবার কোন শিক্ষা প্রতিষ্ঠান চালু হয়ে স্বীকৃতি পাওয়ার পর পরবর্তীতে সেই নাম পাল্টে ফেলা হয়েছে প্রতিষ্ঠানের উন্নীতকরণ ও পরিবর্ধনের সময়ে। অনেক বিখ্যাত ব্যক্তির নামে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের নামও এভাবে পাল্টে ফেলার নজির রয়েছে। এছাড়া কোন ব্যক্তি সরকারের নীতিমালা অনুযায়ী নির্ধারিত টাকা দিয়ে কোন শিক্ষা প্রতিষ্ঠান চালু করলে স্তর পরিবর্তনের স্বীকৃতিপ্রাপ্তির সময় নাম নিয়ে নানা জটিলতা দেখা দেয়।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনামায় বলা হয়, কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্তর পরিবর্তনের ক্ষেত্রে অর্থাৎ নিম্নমাধ্যমিক থেকে মাধ্যমিক কিংবা মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীতকরণের সময় কেবলমাত্র নগদ অর্থ প্রদানের শর্তের জন্যে ব্যক্তির নামে নামকৃত প্রতিষ্ঠানের মূল নাম পরিবর্তনের প্রয়োজন হবে না।

ব্যক্তির নামে স্কুল, কলেজ ও মাদ্রাসা স্থাপন, চালুকরণ ও সরকারি স্বীকৃতির ক্ষেত্রে যে নীতিমালা রয়েছে তা হচ্ছে, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ–৮ম) ব্যক্তি নামে করতে হলে ৬ লাখ টাকা, মাধ্যমিক বিদ্যালয় (৯ম–১০ম) বা দাখিল মাদ্রাসা (১ম–১০ম) স্থাপন করতে ১০ লাখ টাকা এবং কলেজ (১১শ'–১২শ') বা আলিম মাদ্রাসা করতে ১৫ লাখ টাকা প্রদান করতে হয়।